**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) জিলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ অব্যাহত রয়েছে ।**

**(২) রাজ্যে যথাযোগ্য মর্যাদায় উল্টোরথ উদযাপিত ।**

**(৩) দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা মন্ত্রী জয়ন্ত চৌধুরী বলেছেন যে 'স্কিল ইন্ডিয়া স্কিম'-এর অধীনে এখন পর্যন্ত এক কোটি ৪৬ লক্ষেরও বেশি মানুষ দক্ষতা অর্জন করেছেন ।**

**(৪) শ্রীলঙ্কায় অনুষ্ঠিত ওয়েস্টার্ন এশিয়ান দাবা প্রতিযোগিতায় দলগত লড়াইয়ে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস স্বর্ণ পদক দখল করেছে।**

**************************************************

**Nomination-West :**

জিলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ অব্যাহত রয়েছে। আজ পশ্চিম জেলার জিলা পরিষদের ১৭টি আসনের মধ্যে ১১টি আসনে কংগ্রেস প্রার্থীরা জেলা শাসক তথা রিটার্নিং

অফিসার ডা. বিশাল কুমারের কাছে মনোনয়নপত্র জমা দিয়েছেন। এর আগে প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহার নেতৃত্বে প্রার্থীদের নিয়ে একটি মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমার পর আগরতলার অফিস লেন-এ পৌঁছে।

****************************

**Nomination-Gomati :**

কাকড়াবন পঞ্চায়েত সমিতির নির্বাচনে আজ মোট ১১ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। এদের মধ্যে ১ জন বিজেপি'র ও বাকি ১০ জন সিপিআইএম-এর। ব্লকের বিডিও অনিন্দ্য দত্ত আকাশবানীর গোমতী জেলার প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে এখবর জানান।

****************************

**Nomination-Sepahijala :**

আঁটোসাঁটো নিরাপত্তা ব্যবস্থার মধ্যে দিয়ে সুষ্ঠু ভাবে চলছে সিপাহীজলা জিলা পরিষদের মনোনয়ন দাখিলের প্রক্রিয়া। আজ জিলা পরিষদের ১৭টি আসনের মধ্যে ১০টি আসনে আজ মনোনয়ন দাখিল করেন কংগ্রেস প্রার্থীরা। তাদের মনোনয়নগুলি গ্রহণ করেছেন জিলা পরিষদের অতিরিক্ত রিটার্নিং অফিসার তথা ডেপুটি কালেক্টর সোমেন দেবনাথ। তিনি জানান, জিলা পরিষদ নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতার জন্য কংগ্রেস প্রার্থীরা ছাড়াও এখনো পর্যন্ত সি.পি.আই.এমের পক্ষ থেকে মোট ১৫ জন প্রার্থী জমা দিয়েছেন ও সি.পি.আই দলের তরফ থেকে ১ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

*******************************

**Panchayet Election-Dhalai :**

বামফ্রন্ট ও কংগ্রেসের প্রার্থীরা আজ ধলাই জিলা পরিষদ, আমবাসা পঞ্চায়েত সমিতি ও আমবাসা ব্লকের অন্তর্গত সাতটি গ্রাম পঞ্চায়েতের প্রতিদ্বন্দ্বিতার জন্য মনোনয়নপত্র দাখিল করেছেন। আজ সকালে আমবাসা পঞ্চায়েত সমিতির নয়টি আসনের মধ্যে আটটি আসনে মনোনয়নপত্র দাখিল করেন বামফ্রন্ট প্রার্থীরা। তারা রিটার্নিং অফিসার তথা আমবাসা ব্লকের বিডিও মুনমুন দেববর্মার হাতে মনোনয়নপত্র তুলে দেন। আমবাসা ব্লকের অন্তর্গত সাতটি গ্রাম পঞ্চায়েতের ৬৫টি আসনের মধ্যে ৫১টি আসনেও বামফ্রন্ট প্রার্থীরা আজ মনোনয়নপত্র দাখিল করেন। আজ ধলাই জেলা শাসকের কার্যালয়ে ধলাই জিলা পরিষদের নয়টি আসনের মধ্যে ছয়টি আসনে মনোনয়নপত্র দাখিল করেন কংগ্রেস দলের প্রার্থীরা এবং একটি আসনের জন্য বামফ্রন্ট প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন। জিলা পরিষদ নির্বাচনের প্রার্থীরা জেলা নির্বাচন আধিকারিক তথা ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ'র হাতে মনোনয়নপত্র তুলে দেন।

*****************************

**Election-Khowai :**

খোয়াইতে জিলা পরিষদের ১৩টি আসনের মধ্যে সিপিআইএম দল ৬টি আসনে এবং কংগ্রেস ৮টি আসনের জন্য আজ মনোনয়নপত্র জমা দিয়েছে। খোয়াই পঞ্চায়েত সমিতির মোট ১৩টি আসনের মধ্যে সিপিআইএম ১১টি আসনে এবং কংগ্রেস ৫টি আসনে মনোনয়নপত্র জমা দেয়।

শুধুমাত্র জাম্বুরা গ্রাম পঞ্চায়েতের তিনটি আসনে মনোনয়নপত্র জমা দেয় সিপিআইএম দল। মনোনয়নপত্র গ্রহণের স্থানগুলোতে পর্যাপ্ত পরিমাণে পুলিশ ও নিরাপত্তা বাহিনীর উপস্থিতি ছিল লক্ষণীয়।

******************************

**Re-Cheriot :**

আজ উল্টোরথ বা পুনঃরথযাত্রা উৎসব। এই উপলক্ষে আগরতলার জগন্নাথ জিউ মন্দির থেকে ভগবান জগন্নাথ, বলভদ্র ও শুভদ্রা দেবীকে নিয়ে একটি সুসজ্জিত রথ শহরের বিভিন্ন পথ পরিক্রমা শেষে জগন্নাথ বাড়িতেই ফিরে আসে। এর মধ্যে দিয়ে শেষ হল নয় দিন ব্যাপি রথয়াত্রা উৎসব। আগরতলার আশ্রম চৌমুহনীর ইসকন, হরেকৃষ্ণ মন্দির থেকেও ভগবান জগন্নাথ, বলভদ্র শুভদ্রা দেবীকে নিয়ে একটি রথ শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। রথযাত্রা উপলক্ষে প্রচুর লোক সমাগম হয়।

**************************************************

**Swine flue :**

প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস আজ আকাশবাণীকে জানান পার্শ্ববর্তী রাজ্য মিজোরামে ব্যাপকভাবে সোয়াইন ফ্লুর প্রাদুর্ভাব হওয়ার পরিপ্রেক্ষিতে রাজ্যেও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মিজোরামে সোয়াইন ফ্লুতে প্রচুর সংখ্যক শুকর মারা গেছে। কোন অবস্থায় মিজোরাম থেকে যাতে কোন শুকর রাজ্যে আসতে না পারে সেজন্য রাজ্যের মিজোরাম সীমান্ত এবং চুড়াইবাড়ি আসাম সীমান্তে নজরদারি চালানো হচ্ছে। তিনি আরো

জানান এখন পর্যন্ত রাজ্যে সোয়াইন ফ্লু আক্রান্তের কোন খবর নেই। তবে রাজ্যের বিভিন্ন জায়গায় শুকরের টিকাকরণ করা হচ্ছে বলেও তিনি জানান।

*************************

**Visit of Secretary ARDD :**

রাজ্যের প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সচিব দীপা, ডি নায়ার আজ ঊনকোটি জেলার পেঁচারথল ব্লকের অধীন করইছড়া A.D.C ভিলেজে নির্মীয়মান শূকরের শ্লোটার হাউজটি পরিদর্শন করেন। তিনি এর কাজকর্ম বিষয়ে অবহিত হন। মৎস্য দপ্তরের ও সচিব শ্রীমতী নায়ার আজ কুমারঘাট পুর এলাকায় অবস্থিত পাবদা ও গলদা চিংড়ির হ্যাচারিটি পরিদর্শন করেন। হ্যাচারি সম্পর্কে উপস্থিত সংশ্লিষ্ট আধিকারিকদের কাছ থেকে বিভিন্ন বিষয়ে খোঁজখবর নেন।

******************************

**Felicitation :**

B.J.P'র যুব মোর্চার উদ্যোগে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে এবছরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম ও দ্বিতীয় বিভাগে উত্তীর্ণদের সংবর্ধনা জানানো হয়। "নব স্বপ্নের উড়ান" শীর্ষক এই অনুষ্ঠানে বক্তব্য রাখেন, বিধায়ক ভগবান চন্দ্র দাস, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, যুব মোর্চার জেলা সভাপতি অরূপ ধর, মন্ডল সভাপতি পিন্টু ভৌমিক প্রমুখ। বক্তারা তাঁদের ভাষনে ছাত্র-ছাত্রীদের উজ্বল ভবিষ্যৎ কামনা করেন। আজ প্রায় ২৫০ জন ছাত্র-ছাত্রী সংবর্ধিত

হন। তাদের প্রত্যেককে শংসাপত্র ও স্মারক উপহার প্রদান করা হয়।

*****************************

**Skill development :**

দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা মন্ত্রী জয়ন্ত চৌধুরী বলেছেন যে 'স্কিল ইন্ডিয়া স্কিম'-এর অধীনে এখন পর্যন্ত এক কোটি ৪৬ লক্ষেরও বেশি মানুষ দক্ষ অর্জন করেছেন। আজ নতুনদিল্লিতে বিশ্ব যুব দক্ষতা দিবসের অনুষ্ঠানে শ্রী চৌধুরী বলেন, ১০বছর আগে একটি পৃথক মন্ত্রক গঠিত হওয়ায় দক্ষতা উন্নয়ন এবং উদ্যোক্তার ক্ষেত্রে ভারতের একটি বিশেষ যাত্রা শুরু হয়েছে। তিনি বলেন, গত ১০ বছরের অর্জন থেকে শিক্ষা নিয়ে তাঁর মন্ত্রক আরও অন্তর্ভুক্তিমূলক প্রকল্প তৈরি করবে যাতে এর মাধ্যমে ২০৪৭ সালে একটি উন্নত দেশ হিসাবে ভারতের যাত্রায় অবদান রাখা সম্ভব হবে। মন্ত্রী বলেন, এই বছরের বিষয় শান্তি ও উন্নয়ন। তিনি বলেন, যেখানে শান্তি সেখানেই উন্নয়ন সম্ভব। অনুষ্ঠানে, মন্ত্রী শ্রী চৌধুরী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণকারী যুবকদের সঙ্গে মতবিনিময় করেন এবং প্রশিক্ষকদের সংবর্ধনা দেন।

**************************

**Ayush :**

অল-ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদ সুশ্রুত জয়ন্তী-২০২৪ উপলক্ষ্যে গত শনিবার থেকে নতুন দিল্লিতে ২য় জাতীয় সেমিনারের আয়োজন করেছে। আয়ুষ মন্ত্রক জানিয়েছে অস্ত্রোপচারের জনক কিংবদন্তি সুশ্রুতকে সম্মান জানাতে প্রতি বছর ১৫ই জুলাই সুশ্রুত জয়ন্তী পালিত হয়।

প্রতিষ্ঠানের পরিচালক অধ্যাপক ডঃ তনুজা নেসারি বলেছেন, এই প্রতিষ্ঠান বিশ্বব্যাপী আয়ুর্বেদকে উন্নত করতে প্রতিশ্রুতিবদ্ধ। উল্লেখ্য, আয়ুষ মন্ত্রক বলেছে গত এক বছরে, প্রায় ১৫০০ রোগী এই আয়ুর্বেদিক অস্ত্রোপচার পদ্ধতির মাধ্যমে উপকৃত হয়েছেন।

**************************

**ICAR :**

ভারতীয় কৃষি গবেষণা পর্ষদের দুই দিনব্যাপী প্রতিষ্ঠা ও প্রযুক্তি দিবস উদযাপন আজ নতুনদিল্লিতে শুরু হয়েছে। আজ প্রথম দিনে, স্কুলের শিক্ষার্থীদের কৃষি ও সংশ্লিষ্ট প্রযুক্তি সম্পর্কে জ্ঞান অর্জনের জন্য আমন্ত্রণ জানানো হয়। এ উপলক্ষে শিক্ষার্থীদের কৃষি উদ্ভাবন ও প্রযুক্তির ওপর ভিত্তি করে আয়োজিত একটি প্রদর্শনীও দেখানো হয়।

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী, শিবরাজ সিং চৌহান আগামীকাল কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী ভগীরথ চৌধুরী এবং রাম নাথ ঠাকুরের উপস্থিতিতে প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন।

**************************

**Bio technology :**

জৈব প্রযুক্তি অধিকারের উদ্যোগে দ্বিতীয় পর্বের জৈব গ্রাম প্রকল্পের অভিনব উদ্যোগ গত কয়েকবছর ধরে ত্রিপুরায় বাস্তবায়িত হচ্ছে। সম্প্রতি নীতি আয়োগের পোর্টালে ত্রিপুরার এই বায়ো ভিলেজ বা জৈবগ্রাম ভারতের অন্যতম সেরা উদ্যোগ হিসেবে স্থান করে নিয়েছে। রাজ্য জৈব প্রযুক্তি দপ্তরের যুগ্ম অধিকর্তা অঞ্জন সেনগুপ্ত আজ এই সংবাদ জানিয়ে বলেন,

রাজ্যের জন্য এটা অত্যন্ত গর্বের বিষয়। তিনি বলেন, এই প্রকল্প গ্রামীণ অর্থনীতির উন্নয়ন ও বাস্তুতন্ত্র রক্ষায় গৃহীত হয়েছে।

*****************************

**Potato & onion price :**

সদর মহকুমা শাসক মানিক লাল দাস জানিয়েছেন যে আলু ও পেঁয়াজের মূল্য নিয়ন্ত্রণে রাখতে পদক্ষেপ নিয়েছে রাজ্য সরকার। তিনি জানান রাজ্য সরকারের তরফ থেকে মহারাজগঞ্জ বাজার সহ পাঁচটি নায্যমূল্যের দোকানে ভর্তুকি মূল্যে আলু প্রতি কেজি ৩৫ টাকা ও পেঁয়াজ প্রতি কেজি ৪২ টাকা দরে বিক্রি করা হবে। শ্রী দাস জানান, আলু ও পেঁয়াজের দাম নিয়ন্ত্রণে না আসা পর্যন্ত এইভাবে প্রতিটি বাজারে ও রেশন শপে আলু ও পেঁয়াজ বিক্রি করা হবে।

***************************

**Food-Sonamura :**

সোনামুড়া খাদ্য দপ্তর ও মহকুমা প্রশাসন আজ সিপাহীজলা জেলার সোনামুড়া বাজারে যৌথভাবে অভিযান চালিয়েছে। এই অভিযানকালে ১৫ কেজি প্লাস্টিক ক্যারিব্যাগ উদ্ধার হয়। প্লাস্টিক ক্যারিব্যাগ মজুত রাখার দায়ে কয়েকজন ব্যবসায়ীকে জরিমানা করা হয়েছে। এছাড়াও কিছু প্যাকেটজাত মেয়াদ উত্তীর্ণ খাদ্যসামগ্রী বাজেয়াপ্ত করে অভিযানকারী দলটি। সোনামুড়া মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক মহেন্দ্র কাম্বে চাকমা এখবর জানান।

*************************

**Lions Club :**

লায়ন্স ক্লাব অফ আগরতলা গ্যালাক্সির নতুন কমিটি গঠিত হয়েছে। নতুন কমিটির সভাপতি হয়েছেন প্রণব দাস, সম্পাদক সুব্রত বণিক ও কোষাধ্যক্ষ হয়েছেন নন্দলাল পাল। আজ আগরতলায় এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ২০২৪-২৫ অর্থবছরের নতুন কমিটি গঠন সহ নব নিযুক্তদের শপথ বাক্য পাঠ করানো হয়। নবনিযুক্ত সভাপতি প্রণব দাস বলেন আজকে নতুনভাবে আরো আটজন সদস্য এই সংগঠনে যোগদান করেছেন। তিনি বলেন আগামী দিনে সংগঠন দুর্গম এলাকায় স্বাস্থ্য ও চক্ষু শিবিরের কর্মসূচি হাতে নেবে।

********************************

**Womens College NSS :**

ত্রিপুরা দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ও আগরতলার মহিলা মহাবিদ্যালয়ের এনএসএস ইউনিটের উদ্যোগে জলের অপচয় প্রতিরোধে শহরে এক সচেতনতা রেলি অনুষ্ঠিত হয়।রেলিটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে পথ চলতি মানুষদের প্রতি জল অপচয় না করার আহ্বান জানায়। মহিলা মহাবিদ্যালয়ের NSS ইউনিটের কার্যক্রম আধিকারিক রমা ভট্টাচার্য বলেন প্রতিটি প্রানীর বেঁচে থাকার জন্য জল অপরিহার্য। তাই প্রতিদিনকার জীবনে যে পরিমাণ জল অপচয় করি তা অবশ্যই রোধ করতে হবে।

****************************

**Orshia Padak :**

শ্রীলঙ্কায় অনুষ্ঠিত ওয়েস্টার্ন এশিয়ান দাবা প্রতিযোগিতায় দলগত লড়াইয়ে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস স্বর্ণ পদক দখল করেছে। আন্তর্জাতিক এই আসরে অর্শিয়া দেশের হয়ে

দলগত লড়াই করে। এর আগে ব্লিটস দাবায় অর্শিয়া ব্যাক্তিগত বিভাগে রৌপ্য পদক পায়।

*************************

**Women's Football :**

ঘরোয়া মহিলা ফুটবল লিগের খেলায় আজ ত্রিপুরা স্পোর্টস স্কুল জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ৫-০ গোলে ফুলো ঝানু এথলেটিক ক্লাবকে পরাজিত করে।

*************************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় পান্‌থুই স্পোর্টস সোসাইটি জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় পান্তুই স্পোর্টস সোসাইটি ২-০ গোলে কেশব সংঘকে পরাজিত করে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস।

****************************